ঢাকা বিশ্ববিদ্যালয়

শিক্ষক ও কর্মকর্তাদের বাসা বরাদ্দ কমিটির সভার কার্যবিবরণী

অদ্য ০৬ অক্টোবর, ২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ টার সময় কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস কক্ষে শিক্ষক ও কর্মকর্তাদের বাসা বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ:

১.	অধ্যাপক মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি, কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সভাপতি
২.	অধ্যাপক আল-আমিন, ডিন, বিজনেস স্টাডিজ অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৩.	অধ্যাপক ড. মো. খালিদ হোসেন, ডিন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৪.	কাজী মো. আক্রাম হোসেন, প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৫.	জনাব মো. মনিরুল ইসলাম, সভাপতি (ভারপ্রাপ্ত), ঢা. বি. অফিসার্স এসোসিয়েশন	সদস্য
৬.	জনাব মো. আলী আশ্রাফ, সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত), ঢা. বি. অফিসার্স এসোসিয়েশন	সদস্য
৭.	মিসেস ফাতেমা বিনতে মুস্তফা, এস্টেট ম্যানেজার, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য-সচিব

অদ্যকার সভায় কোষাধ্যক্ষ মহোদয় কমিটির সকল উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রতি উত্তরে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ কোষাধ্যক্ষ মহোদয়কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানান এবং কমিটির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তাঁদের সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সভার শুরুতে গত ১৫-০৯-২০২৬ তারিখে অনুষ্ঠিত শিক্ষক ও কর্মকর্তাদের বাসা বরাদ্দ কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

সিদ্ধান্তসমূহ :

(ক) মেয়াদ উত্তীর্ণ আবাসিক শিক্ষকদের বাসা ভাড়ার বিষয়ে পুনরায় সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত গত ২২-১১-২০১৫ তারিখের সিন্ডিকেট সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য হিসাব পরিচালক এবং প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি-কে অনুরোধ করা হলো।

(খ) জগন্নাথ হলের আবাসিক শিক্ষক ভবনের বাসায় বসবাসরত চারজন প্রাক্তন আবাসিক শিক্ষকদের যৌথ আবেদনের প্রেক্ষিতে জগন্নাথ হলের প্রাধ্যক্ষ মহোদয়ের মতামত অনুযায়ী জগন্নাথ হলের ৪৬ নং ভবনের ৪৬/এ, ৪৬/ই, ৪৬/এফ এবং ৪৬/এইচ নং চারটি বাসা বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রালপুলের বাসা হিসাবে গণ্য করা হলো।

(গ) স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক জনাব ইসরাত জাহান কাকলীর আবেদনের পরিপ্রেক্ষিতে তাঁর স্বামীর নামে বরাদ্দকৃত ঈশা খাঁন রোড আবাসিক এলাকার ৩১/এফ নং বাসাটি স্বামীর নামের পরিবর্তে তাঁর নামে বরাদ্দ দেওয়া হলো।

(ঘ) শিক্ষকদের চার কক্ষ বিশিষ্ট যে সকল বাসা খালি আছে/খালি হবে সে সকল বাসা গুলো পয়েন্ট সিনিয়রিটির ভিত্তিতে নিম্নোক্ত ভাবে বদলী বরাদ্দ/বরাদ্দ দেওয়া হলো :

ক্র. নং	নাম, পদবী ও বিভাগ	পয়েন্ট	কাজে যোগদান	মূল বেতন ৩০-০৬-২০২৬	বসবাসকৃত বাসা	বরাদ্দকৃত বাসা	মন্তব্য
১	ড. মো. মোফাজ্জল হোসেন অধ্যাপক রসায়ন বিভাগ	৮২৩-১১	০১-১১-২০০৩	৭৬,৪৯০	এ-৩, শহীদ মুনীরউজ্জামান টাওয়ার ভবন	বি-১০ শহীদ মুনীর চৌধুরী ভবন	খালি হওয়া সাপেক্ষে
২	ড. এ. কে. এম. রেজাউল করিম অধ্যাপক মনোবিজ্ঞান বিভাগ	৮২৩-৪	৩১-১০-২০০০	৭৬,৪৯০	সি-৫, শহীদ মুনীরউজ্জামান টাওয়ার ভবন	ডি-১ শহীদ মুনীর চৌধুরী ভবন	খালি হওয়া সাপেক্ষে
৩	ড. আতাউর রহমান অধ্যাপক মার্কেটিং বিভাগ	৮১৬-২	০৬-০২-২০১০	৭৬,৪৯০	আ. শি. ভবন শেখ মুজিবুর রহমান হল	এ-৫, শহীদ মুনীরউজ্জামান টাওয়ার ভবন	খালি
৪	ড. আমিরুস সালাত অধ্যাপক হিসাব বিজ্ঞান বিভাগ	৭৯৭-৯	০৪-০২-২০০৩	৭৪,৪০০	৬-বি, শহীদ আবুল খায়ের ভবন	বি-৯, শহীদ মুনীরউজ্জামান টাওয়ার ভবন	খালি হওয়া সাপেক্ষে
৫	ড. কাজী শাহেদুল হালীম অধ্যাপক নৃবিজ্ঞান বিভাগ	৭৭৯-৮	১৭-০৭-২০১৬	৭৪,৪০০	আ. শি. ভবন বিজয় একাত্তর হল	৮৬/ই,শহীদ গিয়াস উদ্দিন আহমদ আ/এ	খালি

চলমান পাতা

ক্র. নং	নাম, পদবী ও বিভাগ	পয়েন্ট	কাজে যোগদান	মূল বেতন ৩০-০৬-২০২৬	বসবাসকৃত বাসা	বরাদ্দকৃত বাসা	মন্তব্য
৬	জনাব মো. জসিম উদ্দিন সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ	৫৫৪-৮	৩০-১১-২০১৪	৫২,৪৮০	আ. শি. ভবন মুহসীন হল	৮৫/এ,শহীদ গিয়াস উদ্দিন আহমদ আ/এ	খালি

(ঙ) শিক্ষকদের তিন কক্ষ বিশিষ্ট এবং সাব-স্ট্যান্ডার্ড যে সকল বাসা খালি আছে/খালি হবে সে সকল বাসা গুলো পয়েন্ট সিনিয়রিটির ভিত্তিতে নিম্নোক্তভাবে বদলী বরাদ্দ/বরাদ্দ দেওয়া হলো :

ক্র. নং	নাম, পদবী ও বিভাগ	পয়েন্ট	কাজে যোগদান	মূল বেতন ৩০-০৬-২০২৬	বসবাসকৃত বাসা	বরাদ্দকৃত বাসা	মন্তব্য
১	ড. আলমগীর কবীর অধ্যাপক পদার্থবিজ্ঞান বিভাগ	৭৯০-৩	১১-১১-২০০৬	৭৪,৪০০	আ. শি. ভবন ফজলুল হক মুসলিম হল	৬-এ আবুল খায়ের ভবন	খালি হওয়া সাপেক্ষে
২	ড. রতন চন্দ্র ঘোষ অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ	৭৮৩-০	০১-০৭-২০১০	৭৪,৪০০	৪৬/এইচ জগন্নাথ হল	৪৬/এইচ জগন্নাথ হল	বসবাসরত
৩	ড. দুলাল চন্দ্র গাইন অধ্যাপক, অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ	৭৮২-১০	৩১-০৭-২০১০	৭৪,৪০০	৪৬/ই জগন্নাথ হল	৪৬/ই জগন্নাথ হল	বসবাসরত
৪	ড. মো. আবদুস সোবহান তালুকদার সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ	৭৬০-৪	২০-০৪-২০০৫	৭১,২০০	আ. শি. ভবন মুজিবুর রহমান হল	৩৬/জি, উত্তর ফুলার রোড আ/এ	খালি
৫	মিস্টার দেবদাস হালদার সহযোগী অধ্যাপক শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	৭৫০-৩	১২-০৫-২০১০	৭১,২০০	আ. শি. ভবন জগন্নাথ হল	৫২/ডি শহীদ মিনার	খালি হওয়া সাপেক্ষে
৬	ড. দেবপ্রসাদ দাঁ সহযোগী অধ্যাপক, সংগীত বিভাগ	৭৪৬-৯	০৬-০২-২০১২	৭১,২০০	৪৬/এফ জগন্নাথ হল	৪৬/এফ জগন্নাথ হল	বসবাসরত
৭	মিস্টার বিপুল চন্দ্র দেবনাথ সহযোগী অধ্যাপক আধুনিক ভাষা ইনস্টিটিউট	৭২৩-১০	২৫-০১-২০১০	৬৮,৪৬০	৪৬/এ জগন্নাথ হল	৪৬/এ জগন্নাথ হল	বসবাসরত
৮	ড. মো. এনামুল হক অধ্যাপক, রসায়ন বিভাগ	৭২০-৯	২৬-০৮-২০১৩	৬৮,৭৭০	আ. শি. ভবন শহীদুল্লাহ হল	৪-বি, আবুল খায়ের ভবন	খালি
৯	জনাব মো. মাহিদুল হক প্রধান সহকারী অধ্যাপক নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগ	৬০৩-১০	১৭-০৭-২০১৬	৫৭,৮০০		৩১/আই ঈশা খাঁন রোড আ/এ	খালি (মেরামত সাপেক্ষে)

(চ) কর্মকর্তাদের যে সকল বাসা খালি আছে/খালি হবে সে সকল বাসা গুলো পয়েন্ট সিনিয়রিটির ভিত্তিতে নিম্নোক্তভাবে বদলী বরাদ্দ/বরাদ্দ দেয়া হলো।

ক্র. নং	নাম, পদবী ও বিভাগ	পয়েন্ট	কাজে যোগদান	মূল বেতন ৩০-৬-২০২৬	বসবাসকৃত বাসা	বরাদ্দকৃত বাসা	মন্তব্য
১	মিসেস রোমানা খানম সি. প্রশাসনিক কর্মকর্তা মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ	৪৫৮-৮	০২-১১-২০০৪	৪৩,১৭০	৪২/ই ৩য় শ্রেণীর বাসা	১২-বি শেখ রাসেল টাওয়ার ভবন	খালি হওয়া সাপেক্ষে
২	জনাব রোজী আক্তার সহকারী গ্রন্থাগারিক তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা	৪৫৮-৫	৩০-০১-২০০৫	৪৩,১৭০		২-বি শেখ রাসেল টাওয়ার ভবন	খালি হওয়া সাপেক্ষে
৩	জনাব মো. সেলিম রেজা সহকারী এস্টেট ম্যানেজার এস্টেট অফিস	৪৫৭-৭	১৪-১১-২০০৫	৪৩,১৭০		১-এফ শেখ রাসেল টাওয়ার ভবন	খালি

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:/-
(অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি)
কোষাধ্যক্ষ
ও
সভাপতি
বাসা বরাদ্দ কমিটি, ঢাকা বিশ্ববিদ্যালয়।

চলমান পাতা